13 JUL 2026
জেলা প্রশাসকের কার্যালয়, গাইবান্ধা
জেলা প্রশাসক গাইবান্ধা

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
তথ্য ও যোগাযোগ প্রযুক্তি বিভাগ
তথ্য ও যোগাযোগ প্রযুক্তি অধিদপ্তর
সিস্টেম ও প্রশিক্ষণ শাখা-১
www.doict.gov.bd

স্মারক নম্বর: ৫৬.০৪.০০০০.০০০.০১৪.১৪.০০০১.২৬.৪

তারিখ: ২৮ আষাঢ় ১৪৩৩
১২ জুলাই ২০২৬

**বিষয়: ফ্রিল্যান্সার নিবন্ধন কার্যক্রম সারাদেশে ব্যাপকভাবে প্রচারের উদ্দেশ্যে জেলা প্রশাসক ও উপজেলা নির্বাহী অফিসার বরাবর নির্দেশনা প্রদান সংক্রান্ত।**

উপর্যুক্ত বিষয়ের প্রেক্ষিতে জানানো যাচ্ছে যে, গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকারের মাননীয় প্রধানমন্ত্রী দেশের ডিজিটাল অর্থনীতিকে শক্তিশালীকরণ এবং ফ্রিল্যান্সারদের সক্ষমতা বৃদ্ধির লক্ষ্যে আগামী পাঁচ বছরে দুই লক্ষ ফ্রিল্যান্সারকে আইডি কার্ড প্রদানের পরিকল্পনা গ্রহণ করেছেন। এই পরিকল্পনার অংশ হিসেবে তথ্য ও যোগাযোগ প্রযুক্তি বিভাগের অধীনে তথ্য ও যোগাযোগ প্রযুক্তি অধিদপ্তর কর্তৃক প্রস্তুতকৃত ফ্রিল্যান্সার অনলাইন রেজিস্ট্রেশন সিস্টেম (freelancers.gov.bd) এর মাধ্যমে আবেদন আহ্বান করা হচ্ছে।

০২। উক্ত আইডি কার্ডের মাধ্যমে ফ্রিল্যান্সারগণ নীতিগত সহায়তা, দক্ষতা উন্নয়ন, পেশাগত পরিচয়ের প্রমাণ, ব্যাংক হিসাব খোলা এবং বিভিন্ন আর্থিক ও প্রশাসনিক সেবা গ্রহণে সুবিধা পাবেন। পাশাপাশি বিদেশ থেকে প্রাপ্ত রেমিট্যান্সের উৎস ও পেশাগত পরিচয় সংক্রান্ত তথ্য উপস্থাপনের ক্ষেত্রেও আইডি কার্ডটি সহায়ক ভূমিকা পালন করবে। এর ফলে দেশের অর্থনৈতিক কর্মকাণ্ডে গতি সঞ্চারিত হবে। তবে এই উদ্যোগের সফল বাস্তবায়নের জন্য ফ্রিল্যান্সারদের ব্যাপক অংশগ্রহণ অপরিহার্য।

০৩। ফ্রিল্যান্সার নিবন্ধন কার্যক্রম সারাদেশে ব্যাপকভাবে প্রচারের উদ্দেশ্যে জেলা পর্যায়ে জেলা প্রশাসক এবং উপজেলা পর্যায়ে উপজেলা নির্বাহী অফিসারের কার্যালয়ের ওয়েব পোর্টালে ব্যানার প্রদর্শন এবং তথ্য ও যোগাযোগ প্রযুক্তি অধিদপ্তরের জেলা ও উপজেলা কার্যালয়ের সহযোগীতায় স্থানীয় পর্যায়ে যেসকল ফ্রিল্যান্সার রয়েছে তাদের ডাটাবেজ তৈরি ও প্রয়োজনীয় উদ্যোগ গ্রহনের মাধ্যমে ফ্রিল্যান্সার রেজিস্ট্রেশন ওয়েবসাইটে আবেদন করতে উদ্বুদ্ধ করা প্রয়োজন।

০৪। এমতাবস্থায়, জেলা প্রশাসক এবং উপজেলা নির্বাহী অফিসারের কার্যালয়ের ওয়েব পোর্টালে ব্যানার প্রদর্শন এবং তথ্য ও যোগাযোগ প্রযুক্তি অধিদপ্তরের জেলা ও উপজেলা কার্যালয়ের সহযোগীতায় স্থানীয় পর্যায়ে যেসকল ফ্রিল্যান্সার রয়েছে তাদের ডাটাবেজ তৈরি ও প্রয়োজনীয় উদ্যোগ গ্রহনের মাধ্যমে ফ্রিল্যান্সার রেজিস্ট্রেশন ওয়েবসাইটে আবেদন করতে উদ্বুদ্ধ করার জন্য অনুরোধ করা হলো।

সংযুক্তিঃ ব্যানারের ছবি ০১ (এক) পাতা।

**সংযুক্তিঃ**

(১) ব্যানার ডিজাইন

১২-০৭-২০২৬
মোহাম্মদ সাইফুল হাসান
মহাপরিচালক (অতিরিক্ত দায়িত্ব)
ফোন : +৮৮ ০২-৪১০২৪০৭২
ফ্যাক্স : +৮৮ ০২-৫৫০০৬৮৮২
ইমেইল : dg@doict.gov.bd

**বিতরণ (জ্যেষ্ঠতার ক্রমানুসারে নয়):**

১। জেলা প্রশাসক (সকল)।

২। উপজেলা নির্বাহী অফিসার (সকল)।

স্মারক নম্বর: ৫৬.০৪.০০০০.০০০.০১৪.১৪.০০০১.২৬.৪/১ (৭)

তারিখ: ২৮ আষাঢ় ১৪৩৩
১২ জুলাই ২০২৬

**সদয় জ্ঞাতার্থে/জ্ঞাতার্থে (জ্যেষ্ঠতার ক্রমানুসারে নয়):**

১। অতিরিক্ত মহাপরিচালক (অতিরিক্ত দায়িত্ব), অতিরিক্ত মহাপরিচালক, তথ্য ও যোগাযোগ প্রযুক্তি অধিদপ্তর।

২। সিস্টেম ম্যানেজার, সিস্টেম্‌স ম্যানেজার, তথ্য ও যোগাযোগ প্রযুক্তি অধিদপ্তর।

৩। মাননীয় মন্ত্রীর একান্ত সচিব, মন্ত্রীর দপ্তর, তথ্য ও যোগাযোগ প্রযুক্তি বিভাগ (মন্ত্রী মহোদয়ের সদয় অবগতির জন্য)।

৪। পরিচালক (অতিরিক্ত দায়িত্ব), পরিকল্পনা ও উন্নয়ন, তথ্য ও যোগাযোগ প্রযুক্তি অধিদপ্তর।

৫। সচিবের একান্ত সচিব (অতিরিক্ত দায়িত্ব), সচিবের দপ্তর, তথ্য ও যোগাযোগ প্রযুক্তি বিভাগ।

৬। প্রোগ্রামার/প্রোগ্রামার (দায়িত্বে), জেলা কার্যালয় (সকল)।

৭। সহকারী প্রোগ্রামার (সকল)।

১৩-০৭-২০২৬
মোহাম্মদ সাইফুল হাসান
মহাপরিচালক (অতিরিক্ত দায়িত্ব)

**Freelancers**
BANGLADESH

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
তথ্য ও যোগাযোগ প্রযুক্তি অধিদপ্তর



# ফ্রিল্যান্সার নিবন্ধন নির্দেশিকা

## ১ জাতীয় পরিচয়পত্র (NID)




- ছবি PNG/JPEG/JPG হতে হবে।
- ফাইল সাইজ ৫০০ kb এর নিচে হতে হবে।
- উভয় পৃষ্ঠার ছবি জমা দিতে হবে।

## ২ ছবি (Photograph)



- ছবি PNG/JPEG/JPG হতে হবে।
- সাইজ ৩০০x৩০০ পিক্সেল হতে হবে।
- ফাইল সাইজ ৫০০ kb নিচে হতে হবে।

## ৩ আয়ের প্রমাণ (Proof of income)




- মার্কেটপ্লেসের নিজের প্রোফাইল লিংক
- মার্কেটপ্লেস থেকে প্রাপ্ত আয়ের স্টেটমেন্ট
- ব্যাংক স্টেটমেন্ট, Payoneer/Wise স্টেটমেন্ট/ ইনভয়েস

## ৪ Off Market ডকুমেন্টস




- ক্লায়েন্টের সাথে চুক্তিপত্র/ইমেইল কনফার্মেশন
- লোকাল ব্যাংক থেকে রেমিট্যান্স সার্টিফিকেট (সিল ও সাইন) সহ জমা দিতে হবে
- ফাইলের সর্বোচ্চ সাইজ 2MB হতে হবে।




**ফ্রিল্যান্সার আইডি কার্ডের জন্য আবেদন করুনঃ www.freelancers.gov.bd, বি. দ্র. ০৭(সাত) কর্মদিবসের মধ্যে আবেদন নিষ্পত্তি করা হয়**